দৈনিক
ইত্তেফাক

তারিখ: 30 APR 2015
পৃষ্ঠা: ২৩ কলাম: ৫

# কমলগঞ্জে শিক্ষা প্রতিষ্ঠানসহ শতাধিক ঘর ঝড়ে বিধ্বস্ত

■ কমলগঞ্জ (মৌলভীবাজার) সংবাদদাতা

কালবৈশাখীর ছোবলে বুধবার দুপুরে কমলগঞ্জ উপজেলার শমশেরনগর পুলিশ ফাঁড়ি, দু'টি বিদ্যালয়সহ শমশেরনগর, পতনউষার ইউনিয়নে বস্তি ও চা বাগান এলাকায় শতাধিক ঘর আংশিক বিধ্বস্ত হয়েছে। অসংখ্য গাছ পড়ে দুই ইউনিয়নের তিনটি বৈদ্যুতিক খুঁটি ভেঙ্গে ও তার ছিঁড়ে লাইনের ব্যাপক ক্ষতি হয়েছে। শমশেরনগর পুলিশ ফাঁড়ির এসআই মতিউর রহমান বলেন, আকস্মিক ঝড়ে ফাঁড়ির টিনের চালা ভেঙ্গে পড়ায় বৃষ্টির পানিতে মূল্যবান কিছু কাগজপত্র নষ্ট হয়েছে। ধূপাটিলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নূরুল মোত্তাকীন বলেন, টিনশেড ও বাঁশের বেড়ার বিদ্যালয়টির একটি টিনের চালা উড়িয়ে নিয়েছে।

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির শমশেরনগর অফিসের ইনচার্জ কামরুল ইসলাম বলেন, ঝড়ে ৩টি বৈদ্যুতিক খুঁটি ভেঙ্গে পড়েছে। অনেক স্থানে তার ছিঁড়ে ও বেশ কিছু মিটার ভেঙ্গে বিদ্যুৎ লাইনের ক্ষতি হয়েছে।